# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর- মাধ্য.পরীঃ.কেন্দ্র/পউশা/৪/৭২/(১৩৫)(২৭৪) তারিখ: ০৮/০৩/২০২৬

**বিষয়ঃ ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার উপকরণাদি সরবরাহ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা ২১শে এপ্রিল ২০২৬ মঙ্গলবার থেকে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের সাদা মূল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্ঠায় বর্ণিত বিতরণের তারিখ সকাল ১০.০০ ঘটিকায় এ শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি (বিতরণ ও গ্রহণ) শাখা হতে সরবরাহ করা হবে। তাঁকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত নিজ বিদ্যালয়ের একজন (সিনিয়র শিক্ষক/ শিক্ষক) প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। অফিস সহায়ক বা অফিস সহকারীর নিকট পরীক্ষার উপকরণাদি বিতরণ করা হবেনা। সিনিয়র শিক্ষক/ শিক্ষক সমমানের প্রতিনিধির মাধ্যমে উপকরণাদি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে কেন্দ্র সচিব কর্তৃক সত্যায়িত ভোটার আইডি কার্ডের ফটোকপি নমুনা স্বাক্ষর সম্বলিত ক্ষমতা অর্পনপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। **প্রধান শিক্ষক/অধ্যক্ষ/কেন্দ্রের সীল অবশ্যই সঙ্গে আনতে হবে। অস্পষ্ট সীল কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট হতে ভোটার আইডি কার্ডের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। যদি ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/অধ্যক্ষ নিজে আসতে না পারেন সে ক্ষেত্রে তাঁর মনোনীত নিজ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক/ শিক্ষককে উপজেলা নির্বাহী অফিসারের কাছ থেকে ভোটার আইডি কার্ডের ফটোকপি ও স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে, নতুবা সে সব কেন্দ্রের পরীক্ষার উপকরাণাদি সরবরাহ করা হবে না।**

১. কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি এ শিক্ষা বোর্ড হতে কেন্দ্র পর্যন্ত নিজ ব্যয়ে নিরাপদে পরিবহনের ব্যবস্থা করতে হবে।

২. কেন্দ্রে পৌঁছার পর পরই প্রাপ্ত উপকরণাদি প্রদত্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত অবস্থান (ভাল/নষ্ট, কম/বেশী) বর্ণনা পূর্বক ৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং উক্ত রিপোর্টের ১(এক) কপি পরীক্ষা শেষে চূড়ান্ত হিসাব-নিকাশ জমাদানের সময় অবশ্যই দাখিল করতে হবে।

৩. উদ্বৃত্ত/অতিরিক্ত প্রশ্নপত্র, ভর্তি ট্রাংক, খালি ট্রাংক, সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, ভর্তিবস্তা, খালি বস্তাসহ সকল উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা শেষ হওয়ার পরে অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অবশ্যই অত্র বোর্ডের পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বুঝিয়ে দিতে হবে। উক্ত সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে কিংবা মালামাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতি পূরণ আদায় করা হবে। উদ্বৃত্ত উপকরণাদি (ট্রাংক/বস্তা) কোন ক্রমেই রেলওয়ে পার্শেল/ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠানো যাবেনা।

৪. উপকরণাদি গ্রহণকারী কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক গ্রহণকৃত উপকরণাদি চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা গ্রহণ শেষে তিনি নিজে অথবা তাঁর প্রতিনিধির মাধ্যমে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝিয়ে দিবেন।

৫. সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, ব্যবহারের পূর্বে অথথা কেন্দ্রের সীল/স্বাক্ষর করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ১৫০/- (একশত পঞ্চাশ ) টাকা হারে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। সচিব, সোনালী সেবার মাধ্যমে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপর্যুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সীল ও স্বাক্ষর করে ফেরৎ দিতে হবে। কোন উত্তরপত্রের সেলাই খোলা থাকলেও, কোন ক্রমেই ষ্ট্যাপ্লার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ত্রুটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরৎ দিতে হবে।

বি:দ্রঃ কোন অবস্থাতেই নির্ধারিত তারিখ ছাড়া অন্য কোন তারিখে মালামাল বিতরণ ও গ্রহন করা হবে না।

জেলাওয়ারী উপকরণাদি বিতরণ ও ফেরতের তারিখ ঃ

| ক্রমিক | জেলা | কেন্দ্র | বিতরণের তারিখ | জেলা ও কেন্দ্রওয়ারী বন্টন | ফেরতের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১. | সিরাজগঞ্জ | ৪৬ | ০১/০৪/২০২৬<br>বুধবার | সিরাজগঞ্জ জেলার সকল কেন্দ্র | ২১/০৬/২০২৬<br>রবিবার |
| ২. | বগুড়া | ৪৫ | ০২/০৪/২০২৬<br>বৃহস্পতিবার | বগুড়া জেলার সকল কেন্দ্র | ২২/০৬/২০২৬<br>সোমবার |
| ৩. | পাবনা | ৩১ | ০৪/০৪/২০২৬<br>শনিবার | পাবনা জেলার সকল কেন্দ্র | ২৩/০৬/২০২৬<br>মঙ্গলবার |
| ৪. | জয়পুরহাট<br>চাঁপাইনবাবগঞ্জ | ১৭<br>১৪ | ০৫/০৪/২০২৬<br>রবিবার | জয়পুরহাট ও চাঁপাইনবাবগঞ্জ জেলার সকল কেন্দ্র | ২৪/০৬/২০২৬<br>বুধবার |
| ৫. | নওগাঁ | ৩৯ | ০৬/০৪/২০২৬<br>সোমবার | নওগাঁ জেলার সকল কেন্দ্র | ২৫/০৬/২০২৬<br>বৃহস্পতিবার |
| ৬. | নাটোর | ২৭ | ০৭/০৪/২০২৬<br>মঙ্গলবার | নাটোর জেলার সকল কেন্দ্র | ২৭/০৬/২০২৬<br>শনিবার |
| ৭. | রাজশাহী | ৫৫ | ০৮/০৪/২০২৬<br>বুধবার | রাজশাহী জেলার সকল কেন্দ্র | ২৮/০৬/২০২৬<br>রবিবার |

০৮/০৩/২৬

**পরীক্ষা নিয়ন্ত্রক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী
☎ ০২৫৮৮-৮৫৬২৩১

**প্রাপক**

**কেন্দ্র সচিব**
..............................................................................................

কেন্দ্রের নাম ও কোড ..........................................................................

জেলা...................................................................................................

**স্মারক নম্বর- মাধ্য.পরীঃ.কেন্দ্র/পউশা/৪/৭২/(১৩৫)(২৭৪)** তারিখ: ০৮/০৩/২০২৬

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল : (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
২. জেলা প্রশাসক,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট
৩. পুলিশ সুপার,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট
৪.রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(এসএসসি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৭.উপ-সচিব (ভান্ডার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৮. নিরাপত্তা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৯. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১০. পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১১. পি.সি আনসার বাহিনী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১২. অফিস নথি

A. Zaman
০৮/৩/২০২৬

**উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(উপকরণাদি)**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
☎ ০২৫৮৮-৮৫৫৪৭১
মোবাইল: ০১৮১৯-৬৮০২২৬